

প্রিয় নতুন ভর্তি হওয়া হাই স্কুল শিক্ষার্থীদের পিতামাতা, অভিভাবক বা তত্ত্বাবধানকারী:

স্বাস্থ্য শিক্ষা যা দায়িত্বশীল সিদ্ধান্ত গ্রহণের শিক্ষা দেয়, তা শিক্ষার্থীদেরকে স্কুলে ও জীবনে অধিক ফলপ্রসূ হতে সহায়তা দেয়। NYC পাবলিক স্কুলস্ স্বাস্থ্য শিক্ষার পাশাপাশি হাই স্কুল শিক্ষার্থীদেরকে ক্লাসরুমের বাইরে স্বাস্থ্যসম্মত সিদ্ধান্ত গ্রহণে সহায়তাদানের জন্য হাই স্কুলগুলোতে একটি কনডম লভ্যতা কর্মসূচি (কনডম অ্যাভেইলিবিলাটি প্রোগ্রাম, CAP) পরিচালনা করে। CAP-এর মাধ্যমে, 9-12 গ্রেডের শিক্ষার্থীরা প্রশিক্ষিত স্টাফের কাছ থেকে বিনামূল্যে কনডম, চিকিৎসাশাস্ত্র অনুযায়ী সঠিক তথ্য, এবং চিকিৎসাগত সুপারিশ লাভের অনুরোধ জানাতে পারবে।

আপনার সন্তানকে কনডম সরবরাহ না করতে স্কুলকে অনুরোধ করার অধিকার আপনার আছে। পাবলিক হেলথ আইন § 2504 অনুসারে আপনার উল্লেখিত অনুরোধগুলো জানাতে পারবেন না, যদি আপনার সন্তান 1) 18 বা এরচেয়ে বেশি বয়সী হয়; 2) বিবাহিত কিংবা বর্তমানে বিয়ে করেছে; 3) একজন পিতা বা মাতা, এবং/অথবা 4) তার নিজের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের আইনি অধিকার রয়েছে।

আপনার সন্তানকে যেন CAP-এর মাধ্যমে কনডম না দেয়া হয়, সে অনুরোধ জানাতে আপনাকে অবশ্যই উল্লেখিত বিষয়গুলো অন্তর্ভুক্ত করে একটি চিঠি দিতে হবে:

- শিক্ষার্থীর পুরো নাম
- শিক্ষার্থীর গ্রেড
- শিক্ষার্থীর আইডেন্টিফিকেশন (পরিচিতি) নম্বর (দ্রষ্টব্য: আপনার এই তথ্য না থাকলে, আমরা সেটা আপনাকে প্রদান করবো)
- নিম্নলিখিত বিবৃতি: “[Full name of student] should not receive condoms through the Condom Availability Program.” ([শিক্ষার্থীর পুরো নাম] কনডম লভ্যতা কর্মসূচির মাধ্যমে কনডম লাভ না করা উচিত নয়।)
- পিতামাতা, অভিভাবক, বা তত্ত্বাবধানকারী হিসেবে আপনার স্বাক্ষর

আপনি যদি মত পরিবর্তন করেন এবং সিদ্ধান্ত নেন যে আপনার সন্তান বিনামূল্যে কনডম অনুরোধ করতে পারে, তাহলে শিক্ষা বছরের যেকোনো সময় আমার কাছে একটি চিঠি দিতে পারেন। CAP-প্রশিক্ষিত স্টাফগণ প্রোগ্রামটিতে অংশগ্রহণকারী সকল শিক্ষার্থীর গোপনীয়তা রক্ষা করতে প্রতিশ্রুতিবদ্ধ।

কিশোর-কিশোরীকে ইতিবাচক স্বাস্থ্যগত সিদ্ধান্ত বেছে নিতে সহায়তা করতে আমরা আপনাকে বাড়িতে যৌন স্বাস্থ্য ও অন্যান্য স্বাস্থ্য সংক্রান্ত বিষয়ে কথা বলতে উৎসাহিত করছি। নিউ ইয়র্ক সিটির শিক্ষার্থীরা যেন নিরাপদ বোধ করে, সুস্থ বোধ করে, এবং বিকশিত হতে সক্ষম হয়, সেজন্যে সহায়তা দিতে আমাদের সাথে কাজ করার জন্য ধন্যবাদ।

আন্তরিকভাবে,

প্রিন্সিপাল